**পশ্চিমবঙ্গ রবীন্দ্রমুক্ত বিদ্যালয় সংসদ**

**মাধ্যমিক পরীক্ষা ডিসেম্বর, ২০২৩**

# বাংলা

## (প্রথম ভাষা)

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** **পূর্ণমান ঃ ৯০**

### পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ

সকল পরীক্ষার্থীকে নিজের নাম ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।

প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।

বানান ভুল, অপরিচ্ছন্নতা ও অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।

# ২০২৩

# বাংলা

১। নিম্নলিখিত প্রশ্নগুলির বিকল্প উত্তরগুলি থেকে সঠিকটি বেছে নিয়ে লেখো ঃ ১×১৭=১৭

১.১. ‘লোহার ব্যথা’ কবিতায় লোহা ‘ভাই’ বলে যাকে সম্বোধন করেছে তিনি হলেন —

(ক) কর্মকার

(খ) কুমোর

(গ) ছুতোর

(ঘ) চর্মকার

১.২. শ্রীমতী দিবসের কোন সময়ে স্নান করেছিল?

(ক) খুব সকালে

(খ) সন্ধ্যাবেলা

(গ) দুপুর বেলা

(ঘ) বিকেল বেলা

১.৩. ‘লঙ্ঘিতে হবে’ বলতে বোঝানো হয়েছে —

(ক) লাফাতে হবে

(খ) চলতে হবে

(গ) পার করতে হবে

(ঘ) দৌড়তে হবে

১.৪. ‘‘খেজুর গুড়ের নয়াপাটালিতে হুড়ুমের কোলা ভরে’’। — ‘খেজুর গুড়ের নয়া পাটালি’ হল

(ক) নলেন গুড়ের সন্দেশ

(খ) নূতন খেজুর গুড় থেকে তৈরি শুষ্ক মিষ্টি দ্রব্য

(গ) খেজুর গুড়ের পায়েস

(ঘ) খেজুর গুড়ের নূতন গন্ধ

১.৫. ‘অগ্নি-আখরে আকাশে যাহারা লিখেছে আপন নাম।’— এখানে কবি কাদের জয়গান গেয়েছেন?

(ক) তারুণ্যের

(খ) ইন্দ্রের

(গ) ধূমকেতুর

(ঘ) বৃদ্ধের

১.৬. "পাওনাদারদের দৃষ্টি এড়াবার জন্য রামসুন্দরকে"—

(ক) পালিয়ে বেড়াতে হয়

(খ) কৌশল অবলম্বন করতে হয়

(গ) মিথ্যে অজুহাত দিতে হয়

(ঘ) আত্মহত্যার পথ বেছে নিতে হয়

১.৭. "তিনি নিজে এবং তাঁর বংশ চিরদিন অশূদ্রে প্রতিগ্রাহী"। — 'তিনি' হলেন

(ক) শ্রীমন্ত বিশ্বাস

(খ) শিরোমণি মহাশয়

(গ) তারাচাঁদ বিশ্বাস

(ঘ) রতন বিশ্বাস

১.৮. মহেশ শিঙ নেড়ে তর্করত্নকে গুঁতোতে এসেছিল —

(ক) ফলফুল ও ভিজা চালের পুঁটলির গন্ধে

(খ) ক্ষীরের গন্ধে

(গ) কাঁচকলার গন্ধে

(ঘ) ঘাসপাতার গন্ধে

১.৯. "তুমি আমার ছেলে বাবা"— এ কথা বলেছিলেন

(ক) কুলি

(খ) বৃদ্ধা

(গ) অপেক্ষারত যাত্রী

(ঘ) রেলকর্মী

১.১০. রথযাত্রা নাটকটি রবীন্দ্রনাথ কাকে উৎসর্গ করেন?

(ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়কে

(খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে

(গ) বলাইচাঁদ মুখোপাধ্যায়কে

(ঘ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়কে

১.১১. "স্বামীর মঙ্গল কামনায় 'অক্ষয় সিদুঁর' পরে থাকেন।"— কে সিদুঁর পরেন?

(ক) মনোজিনী

(খ) অরুণা

(গ) নিরুপমা

(ঘ) সাবিত্রী

১.১২. সাধু ও চলিত ভাষার মিশ্রণকে যা বলে —

(ক) গুরুচণ্ডালী দোষ

(খ) মান্য বাংলা

(গ) রাজভাষা

(ঘ) সাহিত্যের ভাষা

১.১৩. দিন ও রাত = দিনরাত এই শব্দটি গঠিত হয়েছে

(ক) প্রত্যয় যোগ করে

(খ) সন্ধি করে

(গ) সমাস করে

(ঘ) উপসর্গ করে

১.১৪. 'চঞ্চল' শব্দের বিশেষ্য পদটি হল

(ক) চপলতা

(খ) চঞ্চলমন

(গ) চঞ্চলতা

(ঘ) চলনতা

১.১৫. অকৃতজ্ঞ-এই শব্দটি নীচের কোন বাক্যটির সংকোচন?

(ক) যে উপকার স্বীকার করে

(খ) যে অপকার করে না

(গ) যে উপকার স্বীকার করে না

(ঘ) যে উপকার বা অপকার কিছুই করে না

১.১৬. কঠোর পরিশ্রম ছাড়া কি জীবনে সাফল্য লাভ করা যায়? — এটি কী ধরনের বাক্য?

(ক) নির্দেশক বাক্য

(খ) প্রশ্নবোধক বাক্য

(গ) বিস্ময়সূচক বাক্য

(ঘ) অনুজ্ঞাসূচক বাক্য

১.১৭. শাঁখ বাজে — এটি কোন বাচ্যের উদাহরণ?

(ক) কর্তৃবাচ্য

(খ) কর্মকর্তৃবাচ্য

(গ) ভাববাচ্য

(ঘ) কর্মবাচ্য

২। কমবেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও ঃ ১×১৯=১৯

২.১। *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

(ক) 'তোমাদের দিন ঘনালো' কীভাবে দিন ঘনিয়ে এসেছে বলে কবি মনে করেছেন?

(খ) 'যুগান্তরের সঞ্চিত ব্যথা'— বলতে কী বোঝানো হয়েছে?

(গ) 'জীবনের জয়গান' বলতে কী বোঝানো হয়েছে?

(ঘ) ''অন্ধকারে ঘুম ভেঙে উঠে দেখি''— কবি কী দেখেন?

(ঙ) 'চুপটি করিয়া ঘুমাও একটি বার'— কে, কাকে উদ্দেশ্য করে একথা বলেছে?

২.২। কমবেশি ২০টি শব্দে *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

(ক) ''চাল নেই? সকালে আমাকে বলিসনি কেন?''— কে, কাকে একথা বলেছে?

(খ) ''দেখো বাবা, ভালো করে ভেবে দেখো, সমস্ত সংসার যারা চালায়, মহাকালের রথের রশির জিম্মে তাদেরই পরে।''— কে, কাকে একথা বলেছেন?

(গ) ''আমি নীচে তোমাদের পায়ের কাছে বসব বাবা''— কে, কাকে একথা বলেছেন?

(ঘ) ''আকু পাঠশালায় পড়ে না, কিন্তু আসা চাই, একবার।''— আকু কে? কেন সে পাঠশালায় আসে?

(ঙ) ''মনোজিনী স্তব্ধভাবে অন্ধকার বারান্দায় দাঁড়াইয়া পথের পানে চাহিয়া থাকে''— মনোজিনী কে? কাদের জন্য পথের পানে চেয়ে থাকে?

২.৩। *যে কোনো তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১×৩=৩

(ক) প্রথমবার কলকাতায় আসার সময় বিদ্যাসাগরের জীবনে কী ঘটনা ঘটেছিল তা উল্লেখ করো।

(খ) নিষ্কাম ভক্ত বা জ্ঞানীর প্রার্থনা কী?

(গ) ''তিনি, আমার জিজ্ঞাসা শুনিয়া, হাস্যমুখে চাইলেন, ও শিল নয়, উহার নাম মাইলস্টোন।''— তিনি কে? মাইলস্টোন কী?

(ঘ) ''নবাবগঞ্জ আশ্রমের পুরানো মুখপত্র 'হাতেখড়ি'র কয়েক সংখ্যা পড়তে পড়তে হৃদয়ে যথেষ্ট আনন্দের উদ্রেক হচ্ছিল''— 'হাতেখড়ি' শব্দের অর্থ কী?

২.৪। *যে কোনো আটটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১×৮=৮

(ক) ভাষা কাকে বলে?

(খ) বাংলা ভাষায় স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণের সংখ্যা কত?

(গ) স্বরসন্ধি বলতে কী বোঝো? একটি উদাহরণ দাও।

(ঘ) একটি পূর্ণবাক্য সাধুভাষায় লেখো।

(ঙ) শব্দ ও পদের দুটি পার্থক্য লেখো।

(চ) সে দরিদ্র হলেও সৎ — যৌগিক বাক্যে রূপান্তর করো।

(ছ) অর্থ পার্থক্য লেখো ঃ আপন/আপণ

(জ) এককথায় প্রকাশ করো — যা ডুবছে এমন।

(ঝ) পল মিশ্রিত অন্ন — সমাসবদ্ধ পদটি লেখো।

৩। প্রসঙ্গ নির্দেশসহ কমবেশি ৬০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও ঃ ৩+৩=৬

৩.১। *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×১=৩

(ক) ‘‘এই কটি কথা জেনো মনে সার — ভুলিলে বিপদ হবে’’— কে বলেছিলেন? ‘এই কটি কথা’ বলতে কী বোঝানো হয়েছে?

(খ) ‘‘বেহুলাও একদিন গাঙুড়ের জলে ভেলা নিয়ে’’— বেহুলা কে? সে কেন গাঙুড়ের জলে ভেলা নিয়ে ভেসেছিল?

৩.২। *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×১=৩

(ক) ‘‘এই দুর্ঘটনায় অন্তঃপুরে একটি কান্না পড়িয়া গেল’’— দুর্ঘটনাটি কী? অন্তঃপুরে কান্না পড়ে গিয়েছিল কেন?

(খ) ‘‘মহারাণীর রাজত্বে কেউ কারো গোলাম নয়’’— কে, কাকে একথা বলেছিল? ‘মহারাণীর রাজত্ব’ বলতে কী বোঝায়?

৪। কমবেশি ১৫০টি শব্দে *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) ‘সুদূরের আহ্বান’ কবিতায় কবি জীবন সম্পর্কে যে ভাববস্তু পরিস্ফুট করেছেন তা নিজের ভাষায় লেখো।

(খ) ‘‘উদিবে সে রবি আমাদেরি খুনে রাঙিয়া পুনর্বার’’ — ‘আমাদেরি’ বলতে কবি কাদের কথা বলেছেন? কবির ভাবনায় কীভাবে সমস্ত বাধা দূর হয়ে আবার স্বাধীনতার সূর্যোদয় হবে বলে কবিতায় ব্যক্ত হয়েছে লেখো।

৫। কমবেশি ১৫০টি শব্দে *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) ‘‘নিরুপমার পক্ষে তাহার শ্বশুরবাড়ি শরশয্যা হইয়া উঠিল’’— নিরুপমা কে? তার পক্ষে শ্বশুর বাড়ি শরশয্যা হয়ে উঠেছিল কেন?

(খ) ওয়েটিং রুমের ঘটনাটি ‘দুধের দাম’ গল্প অবলম্বনে সংক্ষেপে লেখো।

৬। কমবেশি ১২৫টি শব্দে *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×১=৪

(ক) শূদ্রশক্তির বিপ্লবী অভ্যুত্থান কে, কীভাবে চিনতে পেরেছিলেন?

(খ) সমাজের শ্রমজীবী শক্তির কাছে — পুরোহিতের নিয়মনীতি অসার; অস্ত্রবল, ধনবল কত তুচ্ছ— সেটা ‘রথযাত্রা’ নাট্যাংশ থেকে বুঝিয়ে দাও।

৭। কমবেশি ১৫০টি শব্দে *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) ‘‘এই কথাটাই হয়তো একটা প্রকাণ্ড অসত্য’’— কোন বিষয়টিকে অসত্য বলা হয়েছে? তা প্রবন্ধে কীভাবে উল্লিখিত হয়েছে?

(খ) ‘আত্মচরিত’ প্রবন্ধে বালক ঈশ্বরচন্দ্রের নূতন কিছু শিখবার প্রবল আগ্রহ ও প্রখর স্মরণশক্তির পরিচয় যে যে ঘটনা থেকে পাওয়া যায় তা লেখো।

(গ) ‘‘হিন্দু মুসলমানের মিলন সমস্যা সমাধানের জন্য এই সত্যের সন্ধানই আমাদের প্রাণপণে করতে হবে।’’— এই বক্তব্যের মধ্যে দিয়ে লেখক কোন সত্যের কথার উল্লেখ করেছেন?

৮। *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫

৮.১। বাক্য কয়প্রকার ও কী কী? প্রত্যেক শ্রেণির বাক্যের সংজ্ঞা উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

৮.২। অধম, সংস্কৃতি, নমনীয়, অসৎ, অগ্রসর — শব্দগুলির বিপরীতার্থক শব্দগুলি লেখো।

৮.৩। এককথায় প্রকাশ করো (*যে কোনো পাঁচটি*) ঃ ১×৫=৫

সকালের আহার, যে বহুরূপ ধারণ করে, দিকের সীমা, যে আদব কায়দা জানে না, যা চিরস্থায়ী নয়, যার উপমা নেই।

৯। চলিত গদ্যে বঙ্গানুবাদ করো ঃ ৪

Once a mouse disturbed a lion in his sleep. The lion caught the mouse and was going to kill it; but it begged for pardon and he was allowed to go. Shortly after, the lion was caught in a strong net.

১০। কমবেশি ১৫০ শব্দের মধ্যে *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫

১০.১। তোমার বাড়িতে জলের সংযোগ দেওয়ার জন্য একটি আবেদনপত্র রচনা করো।

১০.২। ট্রান্সফার সার্টিফিকেট-এর জন্য প্রধান শিক্ষকের কাছে একটি আবেদনপত্র লেখো।

১০.৩। ভাবসম্প্রসারণ করো ঃ

ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়
পূর্ণিমা চাঁদ যেন ঝলসানো রুটি।

১১। কমবেশি ৪০০টি শব্দে *যে কোনো একটি* বিষয়ে প্রবন্ধ রচনা করো ঃ ১০

(ক) বিজ্ঞান আশীর্বাদ না অভিশাপ

(খ) তোমার জীবনে আদর্শ মহাপুরুষ

(গ) ছাত্রজীবনের দায়িত্ব ও কর্তব্য

(ঘ) বন ও বন্যপ্রাণী সংরক্ষণ

(ঙ) বইমেলা